



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.২৯১.২০১৯/২৪৭৪/৬

তারিখ: ২৯/০৯/২০২১খ্রি.

বিষয়: বরিশাল জেলার আঁগৈলঝাড়া উপজেলার বাহাদুরপুর নিশিকান্ত গাইন মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও কলেজের সহকারী গ্রন্থাগারিক জনাব পরিমল বৈষ্ণব এর এমপিওভুক্তির বিষয়ে নির্দেশনা।

সূত্র: পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল এর পত্র নং- ২৫৫(২); তারিখ: ১১/০৮/২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার আঁগৈলঝাড়া উপজেলার বাহাদুরপুর নিশিকান্ত গাইন মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও কলেজের সহকারী গ্রন্থাগারিক জনাব পরিমল বৈষ্ণব এর এমপিওভুক্তির বিষয়ে নির্দেশনা প্রদান করার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল এর পরিচালক মহোদয় পত্র প্রেরণ করেন।

১১/০৮/২০১৩ তারিখ সহকারী গ্রন্থাগারিক এর শূন্য পদে নিয়োগ পরীক্ষায় প্রথম স্থান অধিকার করায় নিয়োগ বোর্ড জনাব পরিমল বৈষ্ণব, সহকারী গ্রন্থাগারিক পদে নিয়োগ প্রদানের সুপারিশ করেন। কিন্তু পরবর্তীতে গভর্নিং বডি'র সভায় তাকে নিয়োগ প্রদান না করে অধিকতর যোগ্যতা সম্পন্ন প্রার্থী নিয়োগ দেয়ার লক্ষ্যে পুনরায় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের সিদ্ধান্ত গ্রহণ করে। জনাব পরিমল বৈষ্ণব গভর্নিং বডি'র এই সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে ২৬/০৫/২০১৪ তারিখ আদালতে মামলা করেন এবং মহামান্য আদালত দীর্ঘ আইনী প্রক্রিয়া সম্পন্ন করার পর জনাব পরিমল বৈষ্ণব এর নিয়োগ বৈধ বলে রায় প্রদান করেন। কলেজের গভর্নিং বডি আদালতের রায়কে মান্য করে পূর্ববর্তী নিয়োগ প্রক্রিয়াকে বৈধ মেনে ০৭/০১/২০২১ তারিখ তাকে সহকারী গ্রন্থাগারিক শূন্য পদে নিয়োগ প্রদান করে এবং উক্ত নিয়োগ পত্রের ভিত্তিতে তিনি ১৬/০১/২০২১খ্রি. যোগদান করেন যা অধ্যক্ষ কর্তৃক গৃহীত হয়। জনাব পরিমল বৈষ্ণব, সহকারী গ্রন্থাগারিক কে মামলার রায়ের ভিত্তিতে নিয়োগ পাওয়ায় মাউশি অধিদপ্তরের নির্দেশনা প্রদান করার জন্য পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল অনুরোধ করেন।

আইন শাখার মতামত: "বরিশাল জেলার বাহাদুরপুর নিশিকান্ত গাইন মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও কলেজের সহকারী লাইব্রেরিয়ান মি: পরিমল বৈষ্ণব এর এমপিওভুক্তির বিষয়ে অত্র অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টা লিখিত মতামত প্রদান করেন। তাঁর মতামত নিম্নরূপ:

মি: পরিমল বৈষ্ণব, বাহাদুরপুর নিশিকান্ত গাইন মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও কলেজে সহকারী গ্রন্থাগারিক পদে নিয়োগের জন্য নির্বাচিত হন। কিন্তু তাকে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করেননি। এর বিরুদ্ধে মি: পরিমল বৈষ্ণব সহকারী জজ আদালত আঁগৈলঝাড়া, বরিশাল এ দেওয়ানী মোকদ্দমা নং- ৩৭/২০১৪ দায়ের করেন। উক্ত মোকদ্দমা মাননীয় আদালত শুনানী শেষে খারিজ করেন। পরবর্তীতে মি: পরিমল বৈষ্ণব অতিরিক্ত জেলা জজ আদালত, বরিশাল এ মিস আপিল নং ১৯৩/২০১৯ দায়ের করেন। উক্ত আপিল মামলা মাননীয় আদালতে মঞ্জুর হয় এবং নিম্ন আদালতের রায় ও আদেশ রহিত করেন। একই সাথে বাদীকে সহকারী লাইব্রেরিয়ান পদে নিয়োগ প্রদানের আদেশ দেন। এমতাবস্থায়, বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত হল: সহকারী লাইব্রেরিয়ান পদে নিয়োগে কোন মোকদ্দমা না থাকায় জনবল কাঠামো অনুসারে নিয়োগকৃত সহকারী লাইব্রেরিয়ান কে এমপিওভুক্ত করা যেতে পারে"।

এমতাবস্থায়, বরিশাল জেলার আঁগৈলঝাড়া উপজেলার বাহাদুরপুর নিশিকান্ত গাইন মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও কলেজের সহকারী গ্রন্থাগারিক জনাব পরিমল বৈষ্ণব এর এমপিওভুক্তির বিষয়ে আইন শাখার মতামত অনুযায়ী বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত।

২৯.৯.২১

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ- ৩)

ফোন: ৯৫৫৬০৫৭

Email: ncollege@dshe.gov.bd

পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, বাহাদুরপুর নিশিকান্ত গাইন মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও কলেজ, আঁগৈলঝাড়া, বরিশাল
- ২। অধ্যক্ষ, বাহাদুরপুর নিশিকান্ত গাইন মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও কলেজ, আঁগৈলঝাড়া, বরিশাল
- ৩। সংরক্ষণ নথি।

Date: 23.09.2021

The Director General
Directorate of Secondary and Higher Education
16 Abdul Gani Road
Dhaka 1000.

Subject: Legal opinion in respect of inclusion of name of Mr. Parimal Baishnab in the MPO scheme of Bahadurpur Nishikanto Gain Secondary Girls' School and College, Barishal.

Dear Sir,

Please refer to the subject mentioned above. The above staff was selected for appointment as assistant librarian of the college in 2013. However, since he was not given appointment, he filed Title Suit No. 37 of 2014 in the local court. The suit was dismissed but on appeal the appellate court directed the college authority to appoint him. In compliance of the judgment of the appellate court he was appointed on 16.01.2021. Now the college authority sent proposal for inclusion of his name in the MPO scheme. In such view of the matter our opinion is that, since there is no litigation pending in respect of his appointment, he should be included in the MPO scheme as per Janabol Kathamo.

Thanking you for asking our opinion on the matter. Please note that the instant legal opinion is given on the basis of the documents available in the relevant file.

Yours truly,



S. M. Atikur Rahaman
Barrister-at-Law
Advocate, Appellate Division
Legal Adviser of DSHE.